



পুলিশ কমিশন গঠনের পরিকল্পনা করছে সরকার : স্বরাষ্ট্রমন্ত্রী



ছবি: সংগৃহীত

পুলিশ ব্যবস্থার সংস্কার এগিয়ে নিতে একটি স্বাধীন পুলিশ কমিশন গঠনের চিন্তাভাবনা করছে সরকার—এ কথা জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ। তিনি বলেন, এ প্রক্রিয়ায় প্রয়োজনীয় দিকনির্দেশনা ও কারিগরি সহায়তা দিতে পারে ইউরোপীয় ইউনিয়ন (ইইউ)।

সোমবার (১৩ এপ্রিল) সচিবালয়ে স্বরাষ্ট্রমন্ত্রীর কার্যালয়ে ঢাকায় নিযুক্ত ইইউ রাষ্ট্রদূত মাইকেল মিলারের সঙ্গে বৈঠকে তিনি এসব বিষয় তুলে ধরেন। সাক্ষাৎকালে উভয় পক্ষ পুলিশ সংস্কার, নিরাপত্তা সহযোগিতা, অভিবাসন ব্যবস্থাপনা, বিচার বিভাগের স্বাধীনতা, দুর্নীতি প্রতিরোধ এবং বাণিজ্যসহ নানা গুরুত্বপূর্ণ ইস্যুতে মতবিনিময় করেন।

স্বরাষ্ট্রমন্ত্রী হিসেবে দায়িত্ব গ্রহণ করায় সালাহউদ্দিন আহমদকে শুভেচ্ছা জানান রাষ্ট্রদূত। তিনি বলেন, বাংলাদেশে উন্নয়ন সহযোগিতায় ইইউ দীর্ঘদিনের পরীক্ষিত অংশীদার এবং বর্তমান সরকারের সময়ে পারস্পরিক সহযোগিতা আরও সম্প্রসারণের সুযোগ রয়েছে। বিচার বিভাগের স্বাধীনতা জোরদারে ইউরোপের অভিজ্ঞতা কাজে লাগানোর কথাও উল্লেখ করেন তিনি।

জবাবে স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, বিচার বিভাগের পূর্ণ স্বাধীনতা নিশ্চিত করতে সরকার প্রতিশ্রুতিবদ্ধ।

দুর্নীতি দমনে কার্যকর কৌশল প্রণয়নের ওপর গুরুত্ব দিয়ে রাষ্ট্রদূত জানান, এ ক্ষেত্রে ইইউ প্রয়োজনীয় সহায়তা দিতে প্রস্তুত। প্রস্তাবটি ইতিবাচকভাবে গ্রহণ করে স্বরাষ্ট্রমন্ত্রী সংশ্লিষ্ট ক্ষেত্রগুলো দ্রুত চিহ্নিত করা এবং নিয়মিত যোগাযোগ বজায় রাখার নির্দেশ দেন সংশ্লিষ্ট কর্মকর্তাদের।

বৈঠকে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব ড. জিয়াউদ্দিন আহমেদ, যুগ্মসচিব রেবেকা খানসহ ইইউ প্রতিনিধিদলের সদস্যরা উপস্থিত ছিলেন।